রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শুক্রবার, আগস্ট ১৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩/১০ আগস্ট ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১(অংশ-৩).২৭০**—ঔষধ ও কসমেটিক্স আইন, ২০২৩ এর **১২** ধারা অনুযায়ী নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'ঔষধের মূল্য নির্ধারণ কমিটি' পুনর্গঠন করা হলো:

| ক্রম | পদবি/প্রতিষ্ঠান | অবস্থান |
|---|---|---|
| ১। | সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সভাপতি |
| ২। | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৩। | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। | সদস্য |
| ৪। | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। | সদস্য |
| ৫। | মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য |
| ৬। | চেয়ারম্যান, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৭। | চেয়ারম্যান, ফার্মাকোলজি বিভাগ, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়। | সদস্য |
| ৮। | বিভাগীয় প্রধান, ফার্মাকোলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ। | সদস্য |
| ৯। | বিভাগীয় প্রধান, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। | সদস্য |
| ১০। | অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি। | সদস্য |
| ১১। | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত সদস্য বা উপযুক্ত পদমর্যাদার একজন প্রতিনিধি। | সদস্য |
| ১২। | আমদানি/রপ্তানি অনুবিভাগ, হতে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি। | সদস্য |
| ১৩। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ। | সদস্য |
| ১৪। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন ভোক্তা বা রোগীর স্বার্থবিষয়ক বিশেষজ্ঞ। | সদস্য |
| ১৫। | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। | সদস্য-সচিব |

**পর্যবেক্ষক :**

| **ক্রম** | **পদবি/প্রতিষ্ঠান** | **অবস্থান** |
|---|---|---|
| ১ | বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি। | পর্যবেক্ষক |
| ২ | ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি। | পর্যবেক্ষক |
| ৩ | সভাপতি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি, ঢাকা। | পর্যবেক্ষক |
| ৪ | বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্টস সমিতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি। | পর্যবেক্ষক |

**পর্যবেক্ষকগণ** কমিটিকে বাজার, উৎপাদন, আমদানি, বিতরণ ও খুচরা বিক্রয়সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন; তবে সিদ্ধান্ত গ্রহণে তাঁদের ভোটাধিকার থাকবে না।

**১। কমিটির কার্যপরিধি ঃ**

(ক) ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর আওতায় মূল্য নির্ধারণ সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করবে।

**ব্যাখ্যা :**

- ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ সংশ্লিষ্ট বিধিমালা এবং সরকারি ঔষধমূল্য নীতির আলোকে তালিকভুক্ত, আমদানিকৃত ও দেশে উৎপাদিত ঔষধের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ, অনুমোদন এবং প্রয়োজন অনুযায়ী পুনর্নির্ধারণ করা। মূল্য নির্ধারণের ক্ষেত্রে উৎপাদন বা আমদানি ব্যয়, কর ও শুল্ক, সরবরাহ শৃঙ্খলের যুক্তিসংগত ব্যয়, দেশীয় ও প্রাসঙ্গিক আন্তর্জাতিক মূল্য, বাজারে বিকল্প পণ্যের প্রাপ্যতা এবং যৌক্তিক মুনাফা বিবেচনা করা;

- ঔষধের অপরিহার্যতা, রোগের বোঝা, জনগণের ক্রয়ক্ষমতা, সরকারি স্বাস্থ্যব্যয়ের ওপর সম্ভব্য প্রভাব এবং বাজারে ঔষধের পর্যাপ্ত প্রাপ্যতা বিবেচনা করে প্রস্তাবিত মূল্য জনস্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না; তা পর্যালোচনা করা।
  কাঁচামালের মূল্য, বৈদেশিক মুদ্রার বিনিময়হার, কর-শুল্ক, উৎপাদন ব্যয় বা সরবরাহ পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ পরিবর্তন হলে বিদ্যমান মূল্য পুনর্বিবেচনা করা।

২. কমিটি প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ বা প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ বা কো-অপ্ট করতে পারবে।

৩. এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের গত ১৭ আগষ্ট ২০২৫ তারিখে জারীকৃত নম্বর ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১.১৬৪ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাফিকুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd